Patient Education

COVID-19 Vaccine (Adenovirus Vector)

You must carefully read the "Consumer Information Use and Disclaimer" below in order to understand and correctly use this information

উচ্চারণ

(KO vid nine teen vak SEEN ad e noh VYE rus vek tor)

ব্র্যান্ডের নামসমূহ: ইউ এস

Janssen COVID-19 Vaccine

ব্র্যান্ডের নামসমূহ: কানাডা

AstraZeneca COVID-19 Vaccine [DSC]; Covishield [DSC]; Janssen COVID-19 Vaccine; Vaxzevria

এই ওষুধটি কিসের জন্য ব্যবহৃত হয়?

- •COVID-19 প্রতিরোধের জন্য এটি ব্যবহার করা হয়।

এই ওষুধ নেয়ার আগে আমার ডাক্তারকে আমার কী বলা প্রয়োজন?

- •যদি এই ওষুধের প্রতি; এই ওষুধের কোনো উপাদানের প্রতি (polysorbate 80 সহ); অথবা অন্য কোনো ওষুধ, খাবার, বা উপাদানের প্রতি (polyethylene glycol সহ) আপনার অ্যালার্জি থাকে। আপনার ডাক্তারকে অ্যালার্জি সম্পর্কে এবং আপনার কোন লক্ষণগুলো দেখা দিয়েছে সে সম্পর্কে জানান।
- •যদি আপনার COVID-19 হয়ে থাকে, যদি আপনার এমন কোনো লক্ষণ থাকে যা COVID-19 এর কারণে হয়ে থাকতে পারে, যদি আপনি COVID-19 পরীক্ষার ফলাফলের অপেক্ষায় থাকেন, অথবা যদি আপনার সম্প্রতি COVID-19 হয়ে থাকে।
- •যদি আপনার জ্বর সহ কোনো অসুস্থতা থাকে।
- •যদি আপনার রক্তক্ষরণজনিত সমস্যা থাকে।
- •যদি আপনার আগে কখনো রক্ত জমাট বাঁধা এবং রক্তে অণুচক্রিকার সংখ্যা কমে যাওয়া সহ কোনো স্বাস্থ্য সমস্যা হয়ে থাকে (যেমন থ্রম্বোসাইটোপেনিয়া সিনড্রোম বা TTS)। এর মধ্যে হেপারিন-ইনডিউসড থ্রম্বোসাইটোপেনিয়া (HIT) অন্তর্ভুক্ত রয়েছে।
- •যদি আপনার কখনো ক্যাপিলারি লিক সিনড্রোম নামক একটি স্বাস্থ্য সমস্যা হয়ে থাকে।

- •যদি আপনার কখনো মাল্টিসিস্টেম ইনফ্লামেটরি সিনড্রোম (MIS) নামক একটি স্বাস্থ্য সমস্যা হয়ে থাকে।
- •যদি আপনি aspirin বা ব্লাড থিনার ব্যবহার করেন।
- •যদি আপনি COVID-19 এর ভিন্ন কোনো টিকা গ্রহণ করে থাকেন।
- •যদি আপনি গত 14 দিনের মধ্যে COVID-19 আক্রান্ত কোনো ব্যক্তির সংস্পর্শে এসে থাকেন।
- এটি এই ওষুধের সাথে মিথষ্ক্রিয়াকারী সব ওষুধ বা স্বাস্থ্য সমস্যার তালিকা নয়।
- আপনার সবগুলো ওষুধ (প্রেসক্রিপশনের বা OTC অর্থাৎ প্রেসক্রিপশনবিহীন ওষুধ, প্রাকৃতিক পণ্য, ভিটামিন) এবং স্বাস্থ্য সমস্যা সম্পর্কে আপনার ডাক্তার ও ফার্মাসিস্টকে জানান। আপনাকে অবশ্যই যাচাই করে নিশ্চিত হয়ে নিতে হবে যে এই ওষুধ আপনার অন্য সব ওষুধ এবং স্বাস্থ্য সমস্যা নিয়ে গ্রহণ করা নিরাপদ। আপনার ডাক্তারের সাথে কথা না বলে কোনো ওষুধের ডোজ শুরু, বন্ধ বা পরিবর্তন করবেন না।

এই ওষুধটি নেয়ার সময় আমার কোন জিনিসগুলো জানা অথবা করা প্রয়োজন?

- •আপনার সব স্বাস্থ্যসেবা প্রদানকারীকে আপনার এই ওষুধটি গ্রহণ করার কথা জানান। আপনার ডাক্তার, নার্স, ফার্মাসিস্ট, ও ডেন্টিস্টরা এদের মধ্যে অন্তর্ভুক্ত।
- •এই টিকার কারণে COVID-19 হবে না।
- •কিছু পণ্য 1 ডোজ হিসেবে দেওয়া হয়, অন্যদিকে অন্যগুলো 2 ডোজ হিসেবে দেওয়ার প্রয়োজন হয়। কিছু ব্যক্তি একটি বুস্টার ডোজ পেতেও সক্ষম হতে পারেন। আপনি ডোজ নেয়ার জন্য ফিরে যেতে পারবেন কিনা এবং কখন সেটা করতে হবে তা জেনে নেয়ার বিষয়টি নিশ্চিত করুন। আপনি নিশ্চিত না হলে, আপনার ডাক্তার বা ফার্মাসিস্টের সাথে কথা বলুন।
- •এই টিকা গ্রহণকারী ব্যক্তিরা কতদিন পর্যন্ত COVID-19 থেকে সুরক্ষিত থাকবেন তা জানা নেই।
- •সব টিকার মতোই, এই টিকা এটি গ্রহণকারী সব ব্যক্তিকে সম্পূর্ণভাবে সুরক্ষা নাও দিতে পারে। আপনার কোনো প্রশ্ন থাকলে, ডাক্তারের সাথে কথা বলুন।
- •যদি কোনো ডোজের পর আপনার পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দেয়, তাহলে acetaminophen অথবা স্টেরয়েড-বিহীন প্রদাহ-উপশমকারী ওষুধ (NSAIDs) যেমন ibuprofen বা naproxen সাহায্য করতে পারে।
- •এই টিকা গ্রহণ করার পর, স্থানীয় জনস্বাস্থ্য কর্মকর্তাদের পরামর্শ অনুযায়ী COVID-19 ছড়িয়ে পড়া প্রতিরোধ করে এমন কাজগুলো করা অব্যাহত রাখুন। এর মধ্যে রয়েছে ঘন ঘন হাত ধোয়া, মাস্ক পরিধান করা, অন্য ব্যক্তিদের থেকে কমপক্ষে 6 ফুট দূরত্বে থাকা, এবং জনসমাগম এড়িয়ে চলা।
- •যদি আপনার রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল থাকে অথবা যদি আপনি এমন ওষুধ গ্রহণ করেন যা রোগ প্রতিরোধ ব্যবস্থাকে দুর্বল করে দেয়, তাহলে আপনার ডাক্তারের সাথে কথা বলুন। এই টিকা অতটা ভালোভাবে কাজ নাও করতে পারে।
- •স্টেম সেল ট্রান্সপ্ল্যান্ট অথবা কাইমেরিক অ্যান্টিজেন রিসেপ্টর [CAR]-T থেরাপির আগে বা চলাকালীন সময়ে এই টিকা গ্রহণ করেছেন এমন ব্যক্তিদের আরেকটি টিকা গ্রহণ করার প্রয়োজন

হতে পারে। যদি আপনি এই চিকিৎসাগুলোর মধ্যে কোনোটি নিয়ে থাকেন অথবা বর্তমানে চলমান থাকে, তাহলে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।

- •বিরল ক্ষেত্রে, গবেষণাগুলোতে বেল'স প্যালসি ঘটতে দেখা গেছে। এই টিকার কারণে ঘটেছে কিনা তা জানা যায়নি। যদি আপনার কখনো বেল'স প্যালসি হয়ে থাকে, তাহলে আপনার ডাক্তারকে জানান। যদি আপনার মুখের একপাশের পেশি দুর্বল হয়ে যাওয়া অথবা ঝুলে পড়ার মতো লক্ষণগুলো দেখা দেয়, তাহলে তাৎক্ষণিকভাবে আপনার ডাক্তারকে ফোন করুন।
- •অত্যন্ত বিরল ক্ষেত্রে, এই টিকা গ্রহণকারী ব্যক্তিদের মধ্যে গিলান-ব্যারে সিনড্রোম (GBS) নামক স্নায়ুতন্ত্রের একটি সমস্যা ঘটতে দেখা গেছে। অধিকাংশ সময়, টিকা নেওয়ার পরে 42 দিনের মধ্যে লক্ষণগুলো শুরু হয়েছিল। 50 থেকে 64 বছর বয়সী পুরুষদের মধ্যে সবচেয়ে বেশি ঝুঁকি থাকতে দেখা গেছে। বিরল ক্ষেত্রে ট্রান্সভার্স মায়েলাইটিস (TM) নামক আরেকটি স্নায়বিক সমস্যাও ঘটতে দেখা গেছে। আপনার কোনো প্রশ্ন থাকলে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।
- •বিরল ক্ষেত্রে, এই ওষুধ ক্যাপিলারি লিক সিনড্রোম (CLS) নামক একটি গুরুতর এবং কখনো কখনো প্রাণঘাতী সমস্যা তৈরি করেছে। CLS এর ফলে নিম্ন রক্তচাপ, অস্বাভাবিক হৃদস্পন্দন, বুকে ব্যথা, অথবা হার্ট অ্যাটাক হতে পারে। এটি ফুসফুসের বা শ্বাস-প্রশ্বাস জনিত সমস্যা, পাকস্থলী বা অন্ত্রে রক্তক্ষরণ অথবা রক্ত প্রবাহ কমে যাওয়া, কিডনির সমস্যা, ফুলে যাওয়া, অথবা বিভ্রান্ত বোধ করারও কারণ হতে পারে। আপনার কোনো প্রশ্ন থাকলে, ডাক্তারের সাথে কথা বলুন।
- •আপনি গর্ভবতী কিনা অথবা গর্ভধারণের পরিকল্পনা করছেন কিনা, অথবা বাচ্চাকে বুকের দুধ খাওয়াচ্ছেন কিনা তা আপনার ডাক্তারকে জানান। আপনার ও আপনার সন্তানের জন্য সুফলগুলো এবং ঝুঁকিসমূহ সম্পর্কে আপনার আলোচনা করার প্রয়োজন হবে।

কোন পার্শ্বপ্রতিক্রিয়াগুলো দেখলে আমার ডাক্তারকে সাথে সাথে জানাতে হবে?

- **সতর্কীকরণ/হুঁশিয়ারি**: যদিও এটি বিরল হতে পারে, কিছু মানুষের ক্ষেত্রে কোনো ওষুধ গ্রহণ করার ফলে অত্যন্ত গুরুতর এবং কখনো কখনো প্রাণঘাতী পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দিতে পারে। যদি আপনার নিম্নলিখিত কোনো লক্ষণ বা উপসর্গ দেখা দেয় যা কোনো গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়ার সাথে সম্পর্কিত হতে পারে, তাহলে অবিলম্বে আপনার ডাক্তারকে জানান অথবা মেডিকেল সাহায্য নিন:
- •অ্যালার্জি-জনিত প্রতিক্রিয়ার লক্ষণসমূহ, যেমন ফুসকুড়ি; ফোঁড়া; চুলকানি; জ্বর সহ বা ছাড়া ত্বক লাল হয়ে যাওয়া, ফুলে যাওয়া, ফোস্কা পড়া, বা চামড়া উঠে যাওয়া; শ্বাস নেয়ার সময় শন শন শব্দ হওয়া; বুক বা গলায় হাঁসফাঁস অনুভব করা; শ্বাস নিতে, গিলতে, অথবা কথা বলতে কষ্ট হওয়া; অস্বাভাবিক ফেঁসফেঁসে ভাব; অথবা মুখ, চেহারা, ঠোঁট, জিহ্বা, বা গলা ফুলে যাওয়া।
- •স্নায়ুর সমস্যার লক্ষণসমূহ যেমন দুর্বলতা, অসাড়তা, শির শির ভাব, হাঁটতে অসুবিধা হওয়া, মুখমণ্ডল নড়াচড়া করতে (যেমন কথা বলতে, চিবাতে, বা গিলতে) অসুবিধা হওয়া, প্রতিটি জিনিস দু'টি করে দেখা, আপনার চোখ নড়াচড়া করতে না পারা, অথবা মল-মূত্রের বেগ নিয়ন্ত্রণ করতে সমস্যা হওয়া।
- •দ্রুত হৃদস্পন্দন, মাথা ঘোরা, অচেতন হয়ে যাওয়া, দুর্বলতা, বাহু বা পা ফুলে যাওয়া, অথবা হঠাৎ ওজন বেড়ে যাওয়া। এগুলো কোনো অ্যালার্জি-জনিত প্রতিক্রিয়া অথবা অন্য ধরনের প্রতিক্রিয়ার অন্যান্য লক্ষণ হতে পারে।

- •জ্বালাপোড়া, অসাড়তা, বা অস্বাভাবিক শির শির ভাব।
- •কানের মধ্যে ঘন্টার মতো শব্দ হওয়া।
- •বিরল ক্ষেত্রে, এই টিকা গ্রহণকারী ব্যক্তিদের মধ্যে ইমিউন থ্রম্বোসাইটোপেনিয়া (ITP) নামক রক্তে অণুচক্রিকার সংখ্যা কমে যাওয়ার একটি সমস্যা ঘটতে দেখা গেছে। অধিকাংশ সময়, টিকা নেওয়ার পরে 42 দিনের মধ্যে এটি ঘটেছে। যদি আপনার আগে কখনো ITP হয়ে থাকে, তাহলে আপনার ডাক্তারের সাথে কথা বলুন। যদি আপনার কোনো ব্যাখ্যাহীন কালশিরে বা রক্তক্ষরণ দেখা দেয়, তাহলে তাৎক্ষণিকভাবে আপনার ডাক্তারকে ফোন করুন।
- •অত্যন্ত বিরল ক্ষেত্রে, এই টিকা গ্রহণকারী ব্যক্তিদের মধ্যে রক্তে অণুচক্রিকার সংখ্যা কমে যাওয়ার পাশাপাশি রক্ত জমাট বেঁধে যাওয়ার ঘটনা (কখনো কখনো রক্তক্ষরণ সহ) ঘটতে দেখা গেছে। 30 থেকে 49 বছর বয়সী মহিলাদের মধ্যে এটি সবচেয়ে বেশি ঘটতে দেখা গেছে। অধিকাংশ সময়, টিকা নেওয়ার পরে 1 থেকে 2 সপ্তাহের মধ্যে লক্ষণগুলো দেখা দেয়া শুরু হয়েছিল। কখনো কখনো এটি প্রাণঘাতী রূপ নিয়েছে। এই রক্ত জমাট বাঁধার ঘটনা বিভিন্ন জায়গায়, যেমন মস্তিষ্কে, পাকস্থলীর এলাকায়, ও পায়ে ঘটেছিল। যদি আপনার এই লক্ষণগুলোর কোনোটি দেখা দেয়, তাহলে তাৎক্ষণিকভাবে আপনার ডাক্তারকে ফোন করুন: ইনজেকশন দেয়ার জায়গা থেকে দূরে কালশিরে অথবা ক্ষুদ্র রক্তের ছোপ, তীব্র মাথা ব্যথা যা চলে যায় না, পেট ব্যথা যা চলে যায় না, পা ফুলে যাওয়া বা পায়ে ব্যথা, বুকে ব্যথা, শ্বাসকষ্ট, দৃষ্টি ঝাপসা হয়ে যাওয়া, খিঁচুনি, অথবা বিভ্রান্ত বোধ করা।

এই ওষুধের আরো কিছু পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ কী কী?

- সব ওষুধের কারণেই পার্শ্বপ্রতিক্রিয়া হতে পারে। তবে, বহু মানুষের কোনো পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দেয় না অথবা শুধু সামান্য কিছু পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দেয়। এই পার্শ্বপ্রতিক্রিয়াসমূহের কোনোটি অথবা অন্য কোনো পার্শ্বপ্রতিক্রিয়া নিয়ে যদি আপনি উদ্বিগ্ন হন অথবা সেগুলো চলে না যায়, তাহলে আপনার ডাক্তারকে ফোন করুন অথবা মেডিকেল সাহায্য নিন:
- •ইনজেকশন দেওয়ার জায়গায় ব্যথা, লালচে ভাব, বা ফুলে যাওয়া; মাথা ব্যথা; পেশিতে বা অস্থিসন্ধিতে ব্যথা; 100.4°F (38°C) বা তারচেয়ে বেশি জ্বর; কাঁপুনি; পেট খারাপ হওয়া, বমি হওয়া, বা ডায়রিয়া হওয়া; গ্রন্থিগুলো ফুলে যাওয়া বা সংবেদনশীল হয়ে যাওয়া; অথবা ক্লান্ত বা অসুস্থ বোধ করা। বেশিরভাগ পার্শ্বপ্রতিক্রিয়া মৃদু ছিল। অধিকাংশ সময়, ইনজেকশন দেওয়ার পর 1 থেকে 2 দিনের মধ্যে এগুলো চলে গিয়েছিল।
- যেসব পার্শ্বপ্রতিক্রিয়া ঘটতে পারে এগুলো তার সবগুলো নয়। যদি আপনার পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ সম্পর্কে কোনো প্রশ্ন থাকে, তাহলে আপনার ডাক্তারকে ফোন করুন। পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে চিকিৎসা সংক্রান্ত পরামর্শের জন্য আপনার ডাক্তারকে ফোন করুন।
- পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে আপনি আপনার জাতীয় স্বাস্থ্য সংস্থার কাছে রিপোর্ট করতে পারেন।
- https://vaers.hhs.gov/reportevent.html ওয়েবসাইটে গিয়ে অথবা 1-800-822-7967 নম্বরে ফোন করে FDA/CDC ভ্যাকসিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেমে (VAERS) পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে রিপোর্ট করুন। এছাড়াও V-safe নামে একটি স্মার্টফোন টুল রয়েছে যা আপনি কেমন আছেন দেখার জন্য এবং পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে রিপোর্ট করার জন্য ব্যবহার করা যায়। এটি

https://vsafe.cdc.gov ঠিকানায় পাওয়া যাবে। যদি V-safe নিয়ে আপনার কোনো সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 1-800-232-4636 নম্বরে ফোন করুন।

এই ওষুধটি কিভাবে নিলে সবচেয়ে ভাল হয়?

- আপনার ডাক্তারের নির্দেশনা অনুযায়ী এই ওষুধটি ব্যবহার করুন। আপনাকে দেয়া সব তথ্য পড়ে দেখুন। সব নির্দেশনা ভালোভাবে অনুসরণ করুন।
- •এটি পেশিতে ইঞ্জেকশন হিসেবে দেয়া হয়।
- •এই ওষুধ গ্রহণ করার সময় এবং আপনার ডোজ গ্রহণের পর কিছু সময় ধরে আপনাকে নিবিড় পর্যবেক্ষণে রাখা হবে। আপনার ডাক্তারের সাথে কথা বলুন।

আমার কোনো ডোজ বাদ পড়লে কী করব?

- •করণীয় সম্পর্কে জানতে আপনার ডাক্তারকে ফোন করুন। COVID-19 এর বিরুদ্ধে সর্বাধিক সুরক্ষার জন্য, আপনার ডোজগুলো মিস না করা অথবা এড়িয়ে না যাওয়া গুরুত্বপূর্ণ।

আমি কিভাবে এই ওষুধ সংরক্ষণ করব/ফেলে দেব?

- •এই ইনজেকশনটি একটি স্বাস্থ্যসেবা কেন্দ্রে আপনাকে প্রদান করা হবে। আপনি এই ওষুধ বাড়িতে সংরক্ষণ করবেন না।

ওষুধবিষয়ক সাধারণ তথ্য

- •যদি আপনার লক্ষণ বা স্বাস্থ্য সমস্যাগুলো ভালো না হয় অথবা সেগুলো আরো খারাপ হয়ে যায়, তাহলে আপনার ডাক্তারকে ফোন করুন।
- •আপনার ওষুধ অন্য কারো সাথে শেয়ার করবেন না এবং অন্য কারো ওষুধ গ্রহণ করবেন না।
- •সব ওষুধ একটি নিরাপদ স্থানে রাখুন। সব ওষুধ শিশুদের ও পোষাপ্রাণীদের নাগালের বাইরে রাখুন।
- •অব্যবহৃত বা মেয়াদোত্তীর্ণ ওষুধ ফেলে দিন। আপনাকে করতে বলা না হলে সেগুলো টয়লেটে ফ্লাশ করবেন না অথবা ড্রেনে ফেলবেন না। ওষুধ ফেলে দেয়ার সেরা উপায় সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে আপনার ফার্মাসিস্টের সাথে কথা বলুন। আপনার এলাকায় ওষুধ ফেরত নেয়ার কর্মসূচি থাকতে পারে।
- •কিছু ওষুধের সাথে রোগীর জন্য আরেকটি তথ্যের লিফলেট থাকতে পারে। যদি আপনার এই ওষুধ সম্পর্কে কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার ডাক্তার, নার্স, ফার্মাসিস্ট, বা অন্য স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন।
- •যদি আপনার মনে হয় ওভারডোজের ঘটনা ঘটেছে, তাহলে অবিলম্বে আপনার বিষ নিয়ন্ত্রণ কেন্দ্রে ফোন করুন অথবা চিকিৎসা সেবা নিন। কোন ওষুধ গ্রহণ করেছেন, কী পরিমাণে গ্রহণ করেছেন, এবং কখন এটি ঘটেছে তা বলা বা দেখানোর জন্য প্রস্তুত থাকুন।

ভোক্তা তথ্য ব্যবহার ও দায়অস্বীকার-বিবৃতি: এই জেনারালাইজড তথ্য রোগ নির্ণয়, চিকিৎসা, এবং/অথবা মেডিকেল তথ্যের একটি সীমিত সারসংক্ষেপ। বিস্তারিত তথ্য প্রদান করা এর উদ্দেশ্য নয় এবং এটি

ব্যবহারকারীকে রোগ নির্ণয় ও চিকিৎসা সংক্রান্ত সম্ভাব্য অপশনগুলো অনুধাবন এবং/অথবা মূল্যায়নে সাহায্য করার একটি সরঞ্জাম হিসেবে ব্যবহার করা উচিত। এর মধ্যে কোনো সুনির্দিষ্ট রোগীর জন্য প্রযোজ্য হতে পারে এমন রোগের অবস্থা, চিকিৎসা, ওষুধ, পার্শ্বপ্রতিক্রিয়া, বা ঝুঁকি সম্পর্কিত সব তথ্য অন্তর্ভুক্ত নেই। কোনো রোগীর সুনির্দিষ্ট ও অনন্য পরিস্থিতি সম্পর্কে স্বাস্থ্যসেবা প্রদানকারীর পরীক্ষা ও মূল্যায়নের ভিত্তিতে কোনো স্বাস্থ্যসেবা প্রদানকারীর মেডিকেল পরামর্শ হিসেবে অথবা মেডিকেল পরামর্শ, ডায়াগনোসিস, বা চিকিৎসার বিকল্প হিসেবে ব্যবহার করা এটির উদ্দেশ্য নয়। রোগীদের অবশ্যই ওষুধ ব্যবহারের ঝুঁকি বা সুফল সহ তাদের স্বাস্থ্য, মেডিকেল প্রশ্নসমূহ, ও চিকিৎসার অপশনগুলো সম্পর্কে পূর্ণাঙ্গ তথ্য পাওয়ার জন্য একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলতে হবে। এই তথ্য কোনো চিকিৎসা বা ওষুধকে নিরাপদ, কার্যকর, অথবা সুনির্দিষ্ট কোনো রোগীর চিকিৎসার জন্য অনুমোদিত হিসেবে স্বীকৃতি দেয় না। আপ টু ডেট, ইনক. (UpToDate, Inc.) এবং এর অধিভুক্তরা এই তথ্য অথবা এর ব্যবহারের সাথে সম্পর্কিত কোনো ওয়্যারেন্টি বা দায়বদ্ধতার দায় বহন করবে না। এই তথ্যের ব্যবহার, ব্যবহারের শর্তাবলি অনুযায়ী পরিচালিত হবে যা https://www.wolterskluwer.com/en/know/clinical-effectiveness-terms ওয়েবসাইটে পাওয়া যাবে।

Last Updated 6/8/22

Wolters Kluwer

© 2022 UpToDate, Inc. and its affiliates and/or licensors. All rights reserved.